

কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ

KPB School & College

শ্রেণী: দশম (ব্যবসায় শিক্ষা)

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং(সৃজনশীল)

Online Assignment

সময়: ২ঘন্টা

পূর্ণমাণ: ৫০

(ফিন্যান্স অংশ)

১. জনাব আকিব ৫ বছর পর ২ লক্ষ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা জমিয়ে ব্যাংকে রাখতে চায়। অগ্রণী ব্যাংক তাকে বার্ষিক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। অপরদিকে সোনালী ব্যাংক ১০% হারে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে।
- (ক) সরল সুদের ক্ষেত্রে কেবল কিসের ওপর সুদ গণনা করা হয়। ১
- (খ) ভোক্তা ঋণ কী? বুঝিয়ে লেখ। ২
- (গ) জনাব আকিব ৫ বছর পর ২ লক্ষ টাকা পেতে চাইলে তাকে বর্তমানে কত টাকা জমা রাখতে হবে তা নির্ণয় কর। ৩
- (ঘ) জনাব আকিবের কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক হবে? বিশ্লেষণ কর। ৪
২. আমিন সাহেব X ও Y দুটি প্রকল্পে তার মূলধন বিনিয়োগ করেছেন। কিন্তু মূলধন অপরিপূর্ণতার কারণে তিনি একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেন। প্রকল্প দুটির ৫ বছরের আয়ের পরিমাণ নিম্নরূপ:

| বছর | প্রকল্প- X (%) | প্রকল্প- Y (%) |
|------|----------------|----------------|
| ২০০৯ | ২২% | ২৩% |
| ২০১০ | ২০% | ১৯% |
| ২০১১ | ১৬% | ১৮% |
| ২০১২ | ১৮% | ২০% |
| ২০১৩ | ১৪% | ১০% |

- (ক) অতীতে অর্জিত আয়ের বিচ্যুতি থেকে কী পরিমাপ করা হয়? ১
- (খ) তারল্য ঝুঁকি কী? বুঝিয়ে লেখ। ২
- (গ) উপযুক্ত তথ্য থেকে প্রকল্প X এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
- (ঘ) আমিন সাহেবের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত বলে তুমি মনে কর? মন্তব্য কর। ৪
৩. শ্যাম্পু উৎপাদনকারী প্রতিষ্ঠান সাম্মী লি: ভোক্তাদের ক্রয়ক্ষমতা, রুচি প্রভৃতি বিবেচনা করে বড় সাইজের বোতলের পাশাপাশি মিনি প্যাক, মাঝারি প্যাক ও ক্ষুদ্রাকৃতির বিকল্প কন্ডিশনার তৈরির জন্য একটি প্রকল্প গ্রহণ করতে চায়। আয়-ব্যয় প্রাক্কলন করে দেখা যায় ৫ বছর মেয়াদি এই প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ৫ কোটি টাকা এবং বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৭০ লক্ষ, ১.৪ কোটি, ২ কোটি, ২.৫ কোটি ও ১.৬ কোটি টাকা। অন্যান্য চলতি খরচ বিক্রয়ের ৪০% এবং কর ৩০%।
- (ক) মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টা হার হিসেবে ব্যবহা হয় কোনটি? ১
- (খ) মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ২
- (গ) উদ্দীপকের আলোকে প্রকল্পটির গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
- (ঘ) সাম্মী লি: কোম্পানীর বিনিয়োগ ক্ষেত্রটির জন্য মূলধন বাজেটিংয়ের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

(ব্যাংকিং-অংশ)

৪. মনির একটি বাণিজ্যিক ব্যাংকে কর্মরত আছেন। তিনি ব্যাংকটির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে যথাযথ ধারণা অর্জন করে সে অনুসারে কার্যক্রম পরিচালনা করেন। ব্যাংকটি প্রতি বছর মুনাফা অর্জনের টার্গেট নির্ধারণ করে এবং এই টার্গেট বা লক্ষ্য অর্জনের পরিপূরক কার্যাদি গ্রহণ করে। মনির ভালোভাবে লক্ষ্য করলেন যে তার ব্যাংকটির মুনাফা অর্জনকেই মৌলিক উদ্দেশ্য হিসেবে গন্য করে। সামাজিক, অর্থনৈতিক এবং অন্যান্য উন্নয়নমূলক কার্যাবলি এখানে গৌণ। অর্থের আদান-প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে মনিরের ব্যাংকটি দিন দিন সমৃদ্ধি অর্জন করল।

- | | | |
|-----|---|---|
| (ক) | ব্যাংক বলতে কোন ব্যাংক বোঝানো হয়? | ১ |
| (খ) | বাণিজ্যিক ব্যাংক কাকে বলে? | ২ |
| (গ) | মনির হোসেনের বাণিজ্যিক ব্যাংকটি যেসব উদ্দেশ্য অর্জনে কাজ করে তা বর্ণনা কর। | ৩ |
| (ঘ) | মনিরের দৃষ্টিতে মুনাফা অর্জনই বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য--এ পরিপ্রেক্ষিতে তোমার মতামত দাও। | ৪ |

৫. মি: মাসুদ 'M' ব্যাংকের একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তার ব্যাংক দেশের অর্থ বাজারের গঠন, পরিচালন ও নিয়ন্ত্রন করে। এ ব্যাংক অর্থবাজার নিয়ন্ত্রন করে, পরিমাণ সংকোচন ও সম্প্রসারণের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করে এবং পুরো অর্থনীতির নিয়ন্ত্রক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

- | | | |
|-----|--|---|
| (ক) | নিকাশঘর কাকে বলে? | ১ |
| (খ) | কেন্দ্রীয় ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? | ২ |
| (গ) | মুদ্রা নিয়ন্ত্রন হিসেবে 'M' ব্যাংককে কী বলা হয়? ব্যাখ্যা কর। | ৩ |
| (ঘ) | উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি সরকারের পাশে যে সব কাজ করে বিশ্লেষণ কর। | ৪ |